গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

নং- সদেক/২০২১/হিসাব/ ৩৯৯(১০) তারিখ : ১২/০৪/২০২১ খ্রি.

উচ্চ মাধ্যমিক প্রাইভেট পরীক্ষা/২০২১-এর রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত তারিখ ও সময় এবং অন্যান্য নিয়মাবলী নিম্নরূপ :

প্রতিস্বাক্ষর
12.04.2021
অধ্যক্ষ
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

১২.০৪.২১
আহবায়ক
উচ্চ মাধ্যমিক (প্রাইভেট) ভর্তি কমিটি/২০২১
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

প্রাইভেট পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত তারিখ ও সময় এবং অন্যান্য নিয়মাবলী :

০১। প্রাইভেট পরীক্ষার্থীদের অধ্যক্ষ বরাবরে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ অন্যান্য কাগজপত্র ২০/০৪/২০২১ হতে ২৫/০৪/২০২১ তারিখের মধ্যে কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে যাচাইপূর্বক সোনালী ব্যাংক লি:, মানিকগঞ্জ শাখায় তালিকাভুক্তি এবং অন্যান্য ফি বাবদ মোট ৬০০/- (ছয়শত) টাকা (সময় : সকাল ১০.০০টা থেকে বিকাল ৩.০০টা) জমা দিয়ে টাকা জমা দেয়ার রশিদের কপিসহ অন্যান্য যাবতীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০২। এস,এস,সি বা সমমান পরীক্ষা- ২০১৬ এবং তৎপূর্ববর্তী /বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এস.এস.সি পরীক্ষা ২০১৫ এবং তৎপূর্ববর্তী বছরের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী ২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

০৩। পরীক্ষার্থীগণকে ২০২১ সালের পাঠ্যসূচী অনুসরণ করতে হবে।

০৪। পরীক্ষার্থীরা কেবলমাত্র মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় পরীক্ষা দিতে পারবে। ৪র্থ বিষয় গ্রহণ করতে পারবে না।

০৫। সকল প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী (Test) পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হলে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

০৬। যে সকল পরীক্ষার্থী ১৯৯৫ সালের পূর্বে এস.এস.সি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

০৭। কারিগরী শিক্ষা বোর্ড এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে যারা এস.এস.সি পরীক্ষায় পাস করেছে-তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত করতে হবে এবং মূল নম্বরপত্রের অপর পৃষ্ঠায় পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

০৮। ১৯৯৯ সালের পূর্বে যারা মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে এস,এস,সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাদের মূল নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক Verified and Found Correct লেখা থাকতে হবে।

০৯। বাংলাদেশের আওতাধীন অনুমোদিত কোন কলেজের অধ্যক্ষ/অত্র শিক্ষাবোর্ডের কোন সদস্য অথবা কোন সরকারি গেজেটেড অফিসারের নিকট হতে প্রার্থীর চরিত্র, আচরণ, প্রার্থীত পরীক্ষার অন্তত দুই বছর পূর্ব পর্যন্ত কোন অনুমোদিত কলেজের শিক্ষার্থী ছিল না এবং প্রার্থী কোন পরীক্ষায় বহিস্কার হয়নি অথবা হয়ে থাকলেও উহার মেয়াদ শেষ হয়ে গিয়েছে এবং ২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার জন্য অযোগ্য ঘোষিত হয়নি এ মর্মে প্রত্যয়ন দাখিল করতে হবে।

১০। শিক্ষক প্রার্থীদের বেলায় কোন অনুমোদিত বিদ্যালয়ে চাকুরীর মেয়াদ বিজ্ঞপ্তি জারির তারিখে অন্তত তিন বছর পূর্ণ হয়েছে এ মর্মে নিজ জেলা শিক্ষা অফিসারের সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

১১। পুলিশ ও প্রতিরক্ষা বাহিনীর প্রার্থীদের বেলায় বিজ্ঞপ্তি জারির তারিখে কমপক্ষে এক বছর যাবৎ সক্রিয়ভাবে চাকুরীতে আছে এ মর্মে পুলিশ সুপার/কমান্ডিং অফিসারের সমপর্যায়ের কর্মকর্তার সীল ও স্বাক্ষরযুক্ত সার্টিফিকেট দিতে হবে।

১২। যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে এবং ২০১৬ বা তৎপূর্ববর্তী বৎসরে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ তাদেরকে মূল প্রবেশপত্র, আবেদন ফরম পূরণের সময় জমা দিতে হবে।

১৩। প্রার্থীর সাম্প্রতিককালের উঠানো ০৫কপি পাসপোর্ট সাইজের ছবির সম্মুখ প্রান্তে নিজের নাম স্বাক্ষর করতে হবে।

১৪। সকল কাগজপত্রের মূল কপি ও সত্যায়িত ০৩ প্রস্থ দাখিল করতে হবে।

রেজি: সংক্রান্ত যাবতীয় তথ্যাদি ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.dhakaeducationboard.gov.bd) দেয়া আছে।

বি.দ্র: সরকারি বিধি মোতাবেক সকলকে মাস্ক পরিধান করে আসতে হবে এবং অবশ্যই কোভিট-১৯ এর স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ কেরতে হবে।